



“শিক্ষা নিয়ে গড়ব দেশ  
শেখ হাসিনার বাংলাদেশ”

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ  
শিক্ষা মন্ত্রণালয়  
মাদ্রাসা শাখা-১  
[www.tmed.gov.bd](http://www.tmed.gov.bd)

নং-৫৭.০০.০০০০.০৭৫.৬০.০১১.১৫-১৫৫

তারিখঃ ১১ কার্তিক ১৪২৭ বঙ্গাব্দ  
২৭ অক্টোবর ২০২০ খ্রিস্টাব্দ

বিষয়ঃ সরাসরি নিয়োগ প্রক্রিয়ার মাধ্যমে (ইতোমধ্যে প্রেরিত ডিও পত্রের ধারাবাহিকতায়) মাদ্রাসা শিক্ষা অধিদপ্তরের নন-ক্যাডারে শূন্য (১৭ টি) পদ পূরণের নিমিত্ত পদক্ষেপ গ্রহণ।

সূত্র: (ক) বাংলাদেশ সরকারি কর্ম কমিশনের স্মারক নং-৮০.২০০.০৬৪.০০.০০.০১১.২০১৮-৯৬, তারিখ-১৬.০৭.২০২০খ্রিঃ।  
(খ) সচিব, পিএসসি বরাবর প্রেরিত ডিও পত্র নং-৫৭.০০.০০০০.০০২.৯৯.০৩২.২০২০.২১৩, তারিখ : ০৮/১০/২০২০খ্রিঃ।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের আলোকে মহোদয়ের সদয় অবগতি ও পরবর্তী কার্যক্রম গ্রহণের জন্য জানানো যাচ্ছে যে, মাদরাসা শিক্ষার আধুনিকায়ন, সুষ্ঠুব্যবস্থাপনা, পরিদর্শন কার্যক্রম পরিচালনা, সাধারণ শিক্ষা ব্যবস্থার সাথে মাদ্রাসা শিক্ষার সমতা ও সমন্বয় সাধন এবং মাদরাসা শিক্ষার গুণগতমান উন্নয়নের লক্ষ্যে সরকার কর্তৃক মাদরাসা শিক্ষা অধিদপ্তর প্রতিষ্ঠিত হয়।


০২. মাদরাসা শিক্ষাকে যুগোপযোগী করার লক্ষ্যে শিক্ষা মন্ত্রণালয়ের কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ কর্তৃক ব্যাপক কার্যক্রম ও বেশ কয়েকটি প্রকল্প গ্রহণ করা হয়েছে। উক্ত কার্যক্রমের বাস্তবায়ন এবং মনিটরিং মূলত মাদরাসা শিক্ষা অধিদপ্তরের মাধ্যমে হয়ে থাকে।

০৩. নিজস্ব জনবলের অভাবে মাদরাসা শিক্ষার উন্নয়নের লক্ষ্যে সরকার কর্তৃক গৃহীত বিভিন্ন কার্যক্রমে উক্ত অধিদপ্তর যথাযথ ভূমিকা রাখতে পারছেনো বিধায় মাদরাসা শিক্ষা অধিদপ্তরের জনবল কাঠামোভুক্ত ১৭টি নন-ক্যাডার শূন্য পদ (১ম শ্রেণি, ৯ম গ্রেড) জরুরী ভিত্তিতে পূরণ অত্যাৱশ্যক।

০৪. মাদরাসা শিক্ষা অধিদপ্তরের জনবল কাঠামোভুক্ত ১৭টি নন-ক্যাডার শূন্য পদ (১ম শ্রেণি, ৯ম গ্রেড) পূরণের লক্ষ্যে অধিযাচন পত্র {ছক-১ (ক)} সহ মহোদয় বরাবর ডিও পত্র প্রেরণ করা হয়েছে (কপি সংযুক্ত সংলাগ-ক)।

০৫. জরুরী ভিত্তিতে মাদরাসা শিক্ষা অধিদপ্তরের জনবল কাঠামোভুক্ত ১৭টি নন-ক্যাডার শূন্য পদ (১ম শ্রেণি, ৯ম গ্রেড) পূরণ অত্যাৱশ্যক বিধায় ডিওপত্রের ধারাবাহিকতায় (৩৮তম বিসিএস এর নন-ক্যাডার পদে সুপারিশকৃতদের দ্বারা পূরণ সম্ভব না হলে) উক্ত ১৭ টি নন-ক্যাডার শূন্য পদ সরাসরি নিয়োগ প্রক্রিয়ার মাধ্যমে পূরণের নিমিত্ত অধিযাচন পত্র {ছক-১ (ক)} প্রস্তুত করা হয়েছে (কপি সংযুক্ত সংলাগ-খ)।

০৬. এমতাবস্থায়, ৩৮তম বিসিএস পরীক্ষায় উত্তীর্ণ কিন্তু পদ স্বল্পতার কারণে নন-ক্যাডার পদে সুপারিশ প্রাপ্ত এরূপ প্রার্থী হতে মাদরাসা শিক্ষা অধিদপ্তরের ১৭টি নন-ক্যাডার শূন্য পদ পূরণ সম্ভব না হলে সরাসরি নিয়োগ প্রক্রিয়ার মাধ্যমে ১৭টি নন-ক্যাডার শূন্য পদ পূরণে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য মহোদয়কে নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

  
(সেয়দ আসগর আলী) ২৭/১০/২০  
সহকারী সচিব (মাদ্রাসা-১)  
ফোন: ৯৫৭৭৪২৪

সচিব  
বাংলাদেশ সরকারি কর্ম কমিশন সচিবালয়  
আগারগাঁও, ঢাকা-১২০৭।

অনুলিপি সদয় জ্ঞাতার্থে:

- ১। সচিবের একান্ত সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- ২। সিস্টেম এনালিস্ট, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয় (পত্রটি ওয়েব-সাইটে প্রকাশের অনুরোধসহ)।
- ৩। অতিরিক্ত সচিব (মাদ্রাসা) এর ব্যক্তিগত কর্মকর্তা, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
- ৪। অফিসকপি/মাস্টারকপি।